গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩,শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
রমনা,ঢাকা-১০০০।
www.fisheries.gov.bd

নং : ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৮.০৭-৯৮২

তারিখ : ২৭/০৪/২০১৭ খ্রি

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৯/১১/২০১৬ খ্রি. তারিখের নং- ৩৩.০০.০০০০.১২৬.০৮.০০৬.১৬-৫১৫ সংখ্যক পত্রের অনুমোদনক্রমে মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত বিভিন্ন বেতন গ্রেডের নিম্ন বর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনানুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন গ্রেড ও বেতন স্কেল (জা:বে:স্কে:/২০১৫)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১	সেকেন্ড ড্রাইভার	বেতন গ্রেড-১৪ টাঃ ১০২০০-২৪৬৮০/-	০২ (দুই)	ইনল্যান্ড মাস্টার বিষয়ে ২য় শ্রেণীর সার্টিফিকেট অব কম্পিটেন্সি প্রাপ্ত। উক্ত বিষয়ে ০২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার যোগ্য।
২	হিসাব রক্ষক	বেতন গ্রেড-১৪ টাঃ ১০২০০-২৪৬৮০/-	২০ (বিশ)	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি
৩	উচ্চমান সহকারী	বেতন গ্রেড-১৪ টাঃ ১০২০০-২৪৬৮০/-	০২ (দুই)	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি
৪	ক্যাশিয়ার	বেতন গ্রেড-১৪ টাঃ ১০২০০-২৪৬৮০/-	০৩ (তিন)	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি
৫	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পউটার অপারেটর	বেতন গ্রেড-১৪ টাঃ ১০২০০-২৪৬৮০/-	০৫ (পাঁচ)	এইচ.এস.সি পাশসহ কম্পিউটার টাইপিং এ বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ গতিসম্পন্ন। শর্টহ্যান্ডে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতিসম্পন্ন।
৬	লঞ্চ ড্রাইভার	বেতন গ্রেড-১৫ টাঃ ৯৭০০-২৩৪৯০/-	০১ (এক)	ইনল্যান্ড মাস্টার বিষয়ে ২য় শ্রেণীর সার্টিফিকেট অব কম্পিটেন্সি প্রাপ্ত। উক্ত বিষয়ে ০২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার যোগ্য।
৭	সারেং	বেতন গ্রেড-১৫ টাঃ ৯৭০০-২৩৪৯০/-	০১ (এক)	ইনল্যান্ড মাস্টার বিষয়ে ২য় শ্রেণীর সার্টিফিকেট অব কম্পিটেন্সি প্রাপ্ত। উক্ত বিষয়ে ০২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার যোগ্য।
৮	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	বেতন গ্রেড-১৬ টাঃ ৯৩০০-২২৪৯০/-	১০৮ (একশ আট)	এইচ.এস.সি পাশসহ কম্পিউটার টাইপে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২০ ও ২০ শব্দ গতিসম্পন্ন এবং দাপ্তরিক কাজে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।
৯	ইলেকট্রিশিয়ান	বেতন গ্রেড-১৬ টাঃ ৯৩০০-২২৪৯০/-	০২ (দুই)	এস.এস.সি পাশ ও তিন বছরের অভিজ্ঞতাসহ অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত।
১০	হ্যাচারী টেকনিশিয়ান	বেতন গ্রেড-১৬ টাঃ ৯৩০০-২২৪৯০/-	২৩ (তেইশ)	এইচ.এস.সি (বিজ্ঞান)। জীববিজ্ঞানসহ উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
১১	গাড়ীচালক	বেতন গ্রেড-১৬ টাঃ ৯৩০০-২২৪৯০/-	০৯ (নয়)	অষ্টম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বছরের অভিজ্ঞতাসহ বৈধ লাইসেন্সধারী হতে হবে।
১২	বাবুর্চি	বেতন গ্রেড-১৯ টাঃ ৮৫০০-২০৫৭০/-	০৪ (চার)	অষ্টম শ্রেণী পাশ। দেশি-বিদেশি খাবার প্রস্তুতে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য।
১৩	অফিস সহায়ক	বেতন গ্রেড-২০ টাঃ ৮২৫০-২০০১০/-	২৬ (ছাব্বিশ)	অষ্টম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।
১৪	গার্ড/ফার্ম গার্ড	বেতন গ্রেড-২০ টাঃ ৮২৫০-২০০১০/-	০৯ (নয়)	অষ্টম শ্রেণী পাশ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।
১৫	পরিচ্ছন্নতা কর্মী	বেতন গ্রেড-২০ টাঃ ৮২৫০-২০০১০/-	০৫ (পাঁচ)	অষ্টম শ্রেণী পাশ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।
১৬	ফার্ম গার্ড/MLSS	বেতন গ্রেড-২০ টাঃ ৮২৫০-২০০১০/-	০৪ (চার)	অষ্টম শ্রেণী পাশ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।
১৭	ডেকহ্যান্ড	বেতন গ্রেড-২০ টাঃ ৮২৫০-২০০১০/-	০৪ (চার)	অষ্টম শ্রেণী পাশ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।
১৮	কুক কাম বেয়ারার	বেতন গ্রেড-২০ টাঃ ৮২৫০-২০০১০/-	০১ (এক)	অষ্টম শ্রেণী পাশ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।

	পদের নাম	বেতন গ্রেড ও বেতন স্কেল (জা:বে:স্কে:/২০১৫)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১৯	ফিসারম্যান	বেতন গ্রেড-২০ টাঃ ৮২৫০-২০০১০/-	০১ (এক)	অষ্টম শ্রেণী পাশ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।
		সর্বমোট	২৩০ (দুইশত ত্রিশ)	

নিয়োগ সংক্রান্ত শর্তাবলীঃ

১. অনলাইনে আবেদনপত্র পূরণের সকল নির্দেশনা মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে (www.fisheries.gov.bd) পাওয়া যাবে এবং উল্লিখিত ওয়েব সাইটে আবেদন ফরম পূরণ করতে হবে। শুধুমাত্র বর্ণিত ওয়েব সাইটে প্রাপ্ত আবেদনপত্রই বৈধ বলে গণ্য হবে।

২. ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৩ এপ্রিল, ২০১৭ তারিখ সকাল ১০:০০ ঘটিকা

খ) আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ ও সময়: : ২২ মে, ২০১৭ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা

৩. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি, ট্রেজারী চালানের মূল কপিসহ উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে প্রেরণ করতে হবে। প্রেরিত আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম উল্লেখ করতে হবে।

৪. আবেদনপত্রের সাথে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিঃ হতে পরীক্ষার ফি বাবদ ১-১১ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত টাকা) এবং ১২-১৯ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ টাকা) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর অনুকূলে ১-৪৪৩১-০০০০-২০৩১ কোড নম্বরে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)। ট্রেজারী চালানের নম্বর, তারিখ, ব্যাংকের নাম ও ঠিকানা অনলাইনে পূরণ করে ট্রেজারী চালানের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

৫. প্রার্থীর বয়স ২২/০৫/২০১৭ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স হবে ৩২(বত্রিশ)। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতী-নাতনী) ক্ষেত্রে সর্বোচ্চ বয়স হবে ৩০(ত্রিশ)। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ,মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ দাখিল করতে হবে। এছাড়া মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে উপর্যুক্ত প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মূল প্রত্যয়নপত্র এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ দাখিল করতে হবে।

৭. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

৮. ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

৯. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের সময় পদ সংখ্যা কম/বেশী নির্ধারণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১০. বিজ্ঞপ্তিতে পদের প্রেক্ষিতে অনলাইনে পূরণকৃত আবেদন এবং ডাকযোগে প্রাপ্ত আবেদনের হার্ডকপি যাচাই বাছাইয়ের মাধ্যমে নিয়োগ পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্ধারণ করা হবে।

১১. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন রকম ভ্রমন ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১২. এ নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত কোটা সংক্রান্ত নির্দেশাবলী ও অন্যান্য নীতিমালা অনুসরণ করা হবে।

১৩. সরকারি,আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি, ট্রেজারী চালানের মূল কপিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

২১/৪/১৭

(পরিমল চন্দ্র দাস)
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।